গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.shed.gov.bd

| | |
|---|---|
| বিষয় | : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : সোলেমান খান<br>সচিব<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| তারিখ | : ২০ ডিসেম্বর ২০২৩ |
| সময় | : বেলা ১২:৩০ টা |

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী প্রতিমাসে সমন্বয় সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে বলে উল্লেখ করেন। তিনি জানান এ সভায় জরুরি এবং অনিষ্পন্ন বিষয়সমূহ আলাপ আলোচনার মাধ্যমে নিষ্পত্তির সুযোগ রয়েছে বিধায় এ সভাটি গুরুত্বপূর্ণ। অত:পর উপসচিব (সমন্বয়) সভার আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করলে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**আলোচ্য-সূচি: ১ পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ**

**১.১ আলোচনা** : গত ২৯ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোনো সংশোধনী আছে কিনা এ বিষয়ে সকলের মতামত চাওয়া হয়। কোনো রূপ সংশোধনের প্রস্তাব পাওয়া যায়নি।

**১.২ সিদ্ধান্ত:**

গত ২৯ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**বাস্তবায়নে:** অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

**আলোচ্য-সূচি: ২** সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি যথাসময়ে প্রেরণ

**২.১ আলোচনা** : মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসে যথাসময়ে সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা করা হয়।

**২.২ সিদ্ধান্ত:**

ক) মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভার কার্যবিবরণী প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

খ) প্রতি মাসে শাখাভিত্তিক প্রাপ্ত পত্রাদির নিষ্পত্তির বিবরণীসহ সমন্বয় সভার সিদ্ধান্তের অগ্রগতির তথ্যাদি হালনাগাদ ও তথ্যসমৃদ্ধ করার লক্ষ্যে অনুবিভাগ প্রধানগণকে অবগত করে সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে এবং ই-নথিতে পত্র জারির হার বাড়াতে হবে;

গ) নিম্নবর্ণিত ছক অনুযায়ী শাখা ভিত্তিক প্রাপ্ত পত্রাদির নিষ্পত্তির বিবরণী এ সভায় উপস্থাপন করতে হবে।

ঘ) সুনির্দিষ্ট ছক অনুযায়ী তথ্যাদি প্রেরণ করতে হবে।

| পূর্ব মাস হতে আগত পত্রের সংখ্যা (ই-নথিতে + হার্ড কপিতে) | প্রতিবেদনাধীন মাসে প্রাপ্ত পত্রের সংখ্যা | কার্যক্রম আছে এমন পত্রের সংখ্যা | কার্যক্রম নেই এমন পত্রের সংখ্যা | নিষ্পত্তি প্রক্রিয়াধীন পত্রের সংখ্যা | নিষ্পত্তিকৃত পত্রের সংখ্যা | অনিষ্পন্ন পত্রের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|

**বাস্তবায়নে:** অনুবিভাগ প্রধান (সকল)

**আলোচ্য-সূচি: ৩ জনবল সংক্রান্ত:**

**৩.১ আলোচনা :** যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অর্গানোগ্রাম হালনাগাদের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২৩ নভেম্বর ২০২৩ তারিখে এক সভা অনুষ্ঠিত হয় এবং উক্ত সভার কার্যবিবরণী এ বিভাগে প্রেরণ করেছে।

**৩.২ সিদ্ধান্ত:**

ক) এ বিভাগের অর্গানোগ্রাম হালনাগাদ করণের বিষয়ে জনপ্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত রেখে সর্বশেষ হালনাগাদ তথ্য সভাকে জানাতে হবে;

খ) নভেম্বর ২০২৩ মাসে এ বিভাগে কর্মরত জনবলের তথ্য নিম্নরূপ:

| ক্রঃ নং | গ্রেড | অনুমোদিত পদ সংখ্যা | কর্মরত সংখ্যা | বর্তমানে শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ১ | ০১ | ০১ | ০০ |
| ২ | ২ | ০২ | ০৬ | +০৪ |
| ৩ | ৩ | ০৫ | ১১ | +০৬ |
| ৪ | ৪ | ০০ | ০ | ০০ |
| ৫ | ৫ | ১৫ | ২৩ | +৮ |
| ৬ | ৬ | ৩৬ | ০৬ | ৩০ |
| ৭ | ৯ | ০৭ | ১০ | ৩ |
| ৮ | ১০ | ৬৪ | ৫৬ | ০৮ |
| ৯ | ১১ | ০১ | ০১ | ০০ |
| ১০ | ১২ | ০২ | ০২ | ০০ |
| ১১ | ১৩ | ২৮ | ২৬ | ০২ |
| ১২ | ১৪ | ০১ | ০১ | ০০ |
| ১৩ | ১৬ | ২২ | ১৯ | ০৩ |
| ১৬ | ২০ | ৬৬ | ৫৮ | ০৮ |

**নোট :** অতিরিক্ত সচিব এর ০২টি পদে ০৭ জন, যুগ্মসচিব এর ০৫টি পদে ১১ জন, উপসচিব এর ১৪টি পদের বিপরীতে ২৩ জন এবং সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিবের ৩৪ টি পদের বিপরীতে ০৬ জন কর্মকর্তা কর্মরত রয়েছেন।

বাস্তবায়নে: উপসচিব (প্রশাসন ও সংস্থাপন শাখা)

আলোচ্য-সূচি: ৪ প্রশিক্ষণ সংক্রান্ত

৪.১ আলোচনা : সভাপতি বলেন, এ বিভাগ হতে যে প্রশিক্ষণগুলো পরিচালনা করা হচ্ছে তার অধিকাংশই গতানুগতিক বিষয় যেমন অফিস ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা ও ই-নথি, বার্ষিক কর্মসম্পাদন, তথ্য অধিকার আইন ও অভিযোগ প্রতিকার সম্পর্কিত। তিনি শিক্ষা বিষয়ক বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যুতে প্রশিক্ষণসহ ওয়ার্কশপ, সেমিনার, কনফারেন্স ইত্যাদি আয়োজনের নির্দেশনা প্রদান করেন। তাছাড়া অফিস ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা ও ই-নথি, তথ্য অধিকার আইন ও অভিযোগ প্রতিকার, ওয়ার্কশপ, সেমিনার, কনফারেন্স, APA লার্নিং সেশন সহ যে সকল প্রশিক্ষণ অনিষ্পন্ন রয়েছে তা ৩০ জুন ২০২৪ এর মধ্যে সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জানান যে, দ্রুততম সময়ের মধ্যে সংশিষ্ট শাখা হতে কার্যক্রম গ্রহণ করতে হবে। বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা সফরে প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে নির্ধারিত কমিটির মাধ্যমে নির্বাচন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে একটি ডাটাবেস তৈরি করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। ভবিষ্যতে বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা সফরের জন্য প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে ডাটাবেজ এর আলোকে উক্ত কমিটি প্রতিনিধির নাম প্রস্তাব করবে।

এ বিভাগের বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা সফর সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

এ বিভাগের বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা সফর সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

| বিষয়বস্তু | অংশগ্রহণকারীর সংখ্যা | সময়কাল ও স্থান |
|---|---|---|
| ০১ | ০২ | ০৩ |
| 'Seminar on Technology and Application in Cloud-Based Distance Education Platform Building for Developing Countries' | ০১ জন | 30 November to 13 December 2023 China |
| '2023 Network for Education Quality Monitoring in the Asia Pacific (NEQMAP) Annual Meeting' | ০১ জন | 07-08 December 2023 Bangkok, Thailand |
| "23rd CEMCA Advisory Council meeting" | ০১ জন | 07 December 2023 Dehli, India |
| 'The first Belt and Road Chinese University and Overseas Partner Exchange Conference' | ০২ জন | 14-15 December 2023 Guangzhou, China |
| 'ESD-Net 2030: Global Meeting' | ০১ জন | 18-20 December 2023 Tokyo, Japan |
| '6th Kunming Forum on Education Cooperation in South and Southeast Asia ' | ০১ জন | 15-16 December 2023 China |

০৭। প্রশিক্ষণ শাখার মাধ্যমে এ বিভাগের ৬০ (ষাট) জন কর্মকর্তা/কর্মচারীকে সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ইন-হাউজ প্রশিক্ষণের ১ম ধাপে ৫৬ (ছাপান্ন) জন কর্মকর্তা, ২য় ধাপে ১৬৪ (একশত চৌষট্টি) জন কর্মকর্তা/কর্মচারী এবং ৩য় ধাপে ৯২ (বিরানব্বই) জন কর্মচারীকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**৪.২ সিদ্ধান্ত:**

ক) শিক্ষা বিষয়ক বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যুতে প্রশিক্ষণসহ ওয়ার্কশপ, সেমিনার, কনফারেন্স, APA লার্নিং সেশন আয়োজন করতে হবে;

খ) এনএপিডি, বিয়াম, আরপিএটিসি ইত্যাদি প্রশিক্ষণ কেন্দ্র সমূহ পরিচালিত কোর্স সংক্রান্ত তথ্য সংগ্রহপূর্বক প্রয়োজনের নিরিখে কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণে মনোয়ন প্রদান করতে হবে;

গ) প্রত্যেক কর্মকর্তাকে বছরে অন্তত একটি প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণ এবং দেশের বাইরে নবীন ও মধ্যম পর্যায়ের কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণের আয়োজন করতে হবে;

ঘ) ইন-হাউস ও সঞ্জিবনী প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ সময়মত শেষ করতে হবে;

ঙ) অফিস ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা ও ই-নথি, তথ্য অধিকার আইন ও অভিযোগ প্রতিকার, ওয়ার্কশপ, সেমিনার, কনফারেন্স, APA লার্নিং সেশন সহ যে সকল প্রশিক্ষণ অনিষ্পন্ন রয়েছে তা দ্রুততম সময়ের মধ্যে শেষ করতে হবে;

চ) বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা সফর সংক্রান্ত প্রস্তাবসমূহ নিয়ে এ বিভাগের গঠিত কমিটির মাধ্যমে ডাটাবেস তৈরি করে কর্মকর্তা নির্বাচন করতে হবে;

ছ) প্রশিক্ষণের বিবরণী নির্ধারিত ছক অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনকারী শাখা কর্তৃক সমন্বয় সভায় প্রেরণ করতে হবে;

**বাস্তবায়নে:** অতিরিক্ত সচিব (সকল), উপসচিব, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

**আলোচ্য-সূচি: ৫** বিভাগীয় মামলা

৫.১ আলোচনা : সভাপতি দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন শৃঙ্খলা বিষয়ক শাখায় যে সব বিভাগীয় মামলা নিষ্পত্তির অপেক্ষায় আছে সেগুলো নিম্নোক্তভাবে আগামী সভায় উপস্থাপন করতে হবে এবং মামলা সমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। ১ বছরের উর্ধ্বে বা ২ বছরের নিম্নে এমন নিষ্পত্তিযোগ্য মামলার সংখ্যা, ২ বছরের উর্ধ্বে বা ৩ বছরের নিম্নে এমন নিষ্পত্তিযোগ্য মামলার সংখ্যা, ৩ বছরের উর্ধ্বে বা ৪ বছরে নিম্নে এমন নিষ্পত্তিযোগ্য মামলার সংখ্যা এবং ৪ বছরের উর্ধ্বে এমন অনিষ্পন্ন মামলা সমূহের তথ্য ছক অনুযায়ী প্রেরণ করতে হবে। তাছাড়াও কনটেম্পট মামলা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরবর্তী সভায় সভাপতি কনটেম্পট মামলাসমূহের একটি তালিকা উপস্থাপন করতে যুগ্মসচিব (নিরীক্ষা ও আইন)কে নির্দেশনা প্রধান করেন। সভাপতি আরও বলেন যেহেতু প্যানেল আইনজীবী নিয়োগ করা আছে সেহেতু বিভাগীয় মামলায় সরকার পক্ষের অবস্থান যথাযথভাবে প্রতিফলন এবং এ বিষয়ে যাতে ভবিষ্যতে জটিলতার সম্মুখীন হতে না হয় সেজন্য বিভাগীয় মামলা নিষ্পত্তির ক্ষেত্রে আদেশ-ফর্দ এবং জনপ্রশাসন মন্ত্রণালয় প্রণীত নীতিমালা অনুসরণ করে আগামী সভায় উপস্থাপন করতে হবে এবং মামলা সমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। তিনি আরও জানান যে, দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে একজন উপর্যুক্ত প্রতিনিধি নিয়ে একটি প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে।

**৫.২ সিদ্ধান্ত:**

ক) দীর্ঘদিনের অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহের তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করতে হবে;

নভেম্বর ২০২৩ এর দীর্ঘদিনের অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহের বিস্তারিত তথ্যাদি নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো:

| ১ বছরের উর্ধ্বে বা ২ বছরের নিম্নে নিষ্পত্তিযোগ্য মামলা | ২ বছরের উর্ধ্বে বা ৩ বছরের নিম্নে নিষ্পত্তিযোগ্য মামলা | ৩ বছরের উর্ধ্বে বা ৪ বছরের নিম্নে নিষ্পত্তিযোগ্য মামলা | ৪ বছরের উর্ধ্বে নিষ্পত্তিযোগ্য মামলার সংখ্যা |
|---|---|---|---|
| ৪৮ | ২৩ | ০৯ | ০৪ |

খ) বিভাগীয় মামলা নিষ্পত্তির ক্ষেত্রে আদেশ-ফর্দ সংরক্ষণ এবং জনপ্রশাসন মন্ত্রণালয় প্রণীত নীতিমালা অনুসরণ করতে হবে;

গ) পরবর্তী সভায় কন্টেম্পট মামলাসমূহের একটি তালিকা উপস্থাপন করতে হবে।

ঘ) দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে একজন উপর্যুক্ত প্রতিনিধি নিয়ে একটি প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে।

ঙ) বিভাগীয় মামলার নিষ্পত্তির বিস্তারিত তথ্য নির্ধারিত ছকে প্রেরণ করতে হবে। বিভাগীয় মামলা সমূহের হালনাগাদ তথ্যাদি নিম্নরূপ:

অক্টোবর ২০২৩ এর বিভাগীয় মামলার নিষ্পত্তির অগ্রগতি বিস্তারিত তথ্যাদি নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো

| নিরীক্ষা ও আইন অনুবিভাগ | গত মাসের পূর্ব পর্যন্ত পুঞ্জিভূত বিভাগীয় মামলার সংখ্যা | গত মাসে রুজ্জুকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | গত মাসে নিষ্পত্তি কৃত মামলার সংখ্যা | চলমান বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| শৃঙ্খলা বিষয়ক শাখা | ৮৯ | ০২ | ৯১ | ০৩ | ৮৮ |
| সর্বমোট | ৮৯ | ০২ | ৯১ | ০৩ | ৮৮ |

**বাস্তবায়নে:** অনুবিভাগ প্রধান (নিরীক্ষা ও আইন অনুবিভাগ)।

**আলোচ্য-সূচি:** ৬ অডিট আপত্তি সংক্রান্ত

৬.১ আলোচনা : অডিট আপত্তি বিষয়ে অনুবিভাগ প্রধান নিরীক্ষা ও আইন অনুবিভাগ সভাকে জানান যে, অডিট আপত্তিগুলো এখন অনলাইনে করা হয়। অডিট আপত্তি নিষ্পত্তির জন্য নির্ধারিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে একটি করে আইডি ও পাসওয়ার্ড দেয়া হয়েছে। এ কারণে অডিট আপত্তি নিষ্পত্তির হার বাড়ছে এবং পরবর্তীতে এটা আরোও বৃদ্ধি পাবে। অডিট আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গাইড লাইন অনুসরণ করা হচ্ছে। এছাড়া মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়ের বিগত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে এ বিভাগের ত্রি-পক্ষীয় অডিট কমিটিসমূহ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। অনুবিভাগ প্রধান (নিরীক্ষা ও আইন) সভাকে জানান, যারা অডিট নিষ্পত্তির সাথে জড়িত তাদের প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং ইতোমধ্যে ৫ জনকে মাস্টার ট্রেইনার করা হয়েছে। সভায় নিম্নোক্ত ছকে বর্ণিত অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। অত:পর এ সংক্রান্ত গঠিত সকল কমিটিকে সভা করে এ বিভাগের অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।

**৬.২ সিদ্ধান্ত:**

ক) এ বিভাগের অনিষ্পন্ন অডিট আপত্তি গঠিত কমিটির মাধ্যমে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

খ) মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয়ের সর্বশেষ নির্দেশনা অনুসারে দ্রুততার সাথে অডিট নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করতে হবে।

গ) অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নির্ধারিত ছকে প্রেরণ করতে হবে।

অগ্রগতি: নভেম্বর' ২০২৩

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সকল প্রতিষ্ঠানের (অংকসমূহ লক্ষ টাকায়)

| অডিট আপত্তির সংখ্যা (প্রারম্ভিক জের) | জড়িত টাকার পরিমাণ | নভেম্বর' ২০২৩ মাসের সংযোজত আপত্তির সংখ্যা | জড়িত টাকার পরিমণ | মোট অডিট আপত্তির সংখ্যা | মোট জড়িত টাকার পরিমাণ | নভেম্বর'২০২৩ মাসে অডিট আপত্তি নিষ্পত্তির সংখ্যা | জড়িত টাকার পরিমাণ | পেন্ডিং আপত্তির সংখ্যা | জড়িত টাকার পরিমান | নভেম্বর' ২০২৩ মাসে প্রেরিত ব্রডশিট জবাবের সংখ্যা | নভেম্বর, ২০২৩ মাসের শেষে এ বিভাগে পেন্ডিং ব্রডশিট জবাবের সংখ্যা | নভেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | দিপাক্ষিক সভা- | ত্রিপাক্ষিক সভা- |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (১(৩+ | ৬ (২(৪+ | ৭ | ৮ | ৯ (৫(৭- | ১০ (৬(৮- | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১২৮৮৭ | ১৮৫০৬৫৩.৪২ | ৪৮ | ২৪৮৪.৮১ | ১২৯৩৫ | ১৮৫৩১৩৮.২৩ | ১৮ | ১০২৬.৮৫ | ১২৯১৭ | ১৮৫২১১১.৩৮ | ২৫৯ | ১৩৯ | ০০ | ০০ |

**বাস্তবায়নে:** যুগ্মসচিব (নিরীক্ষা ও আইন)

**আলোচ্য-সূচি:** ৭ এ বিভাগের ১৮ ও ১৯ তলার অভ্যন্তরীণ সজ্জা ও সংস্কার কাজ এবং অফিস স্পেস সংক্রান্ত

৭.১ আলোচনা : সভাপতি এ বিভাগের ১৮ ও ১৯ তলার অভ্যন্তরীণ সজ্জা ও সংস্কার কাজের অগ্রগতি বিষয়ে সভায় জানতে চান। সভায় উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত বিভাগ জানান, ১৮ ও ১৯ তলার অভ্যন্তরীন সজ্জা ও সংস্কার কাজ শেষ পর্যায়ে চলমান রয়েছে। আগামী দুই এক সপ্তাহের মধ্যে সম্পূর্ণ কাজ শেষ করে বুঝিয়ে দেয়া হবে। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জানান, মাননীয় মন্ত্রী, মাননীয় উপমন্ত্রীর রুমসহ অনেরক রুমের দেয়ালে ড্যাম পরিলক্ষিত হচ্ছে। এছাড়া দ্রুত সংস্কার কাজ শেষ করার জন্য গণপূর্ত বিভাগকে অনুরোধ জানান। সভাপতি অভ্যন্তরীন সজ্জা ও সংস্কার কাজের মান ঠিক রেখে আগামী ৩১/১২/২০২৩ তারিখের মধ্যে কাজ শেষ করার তাগিদ প্রদান করেন।

**৭.২ সিদ্ধান্ত:**

**ক)** এ বিভাগের অভ্যন্তরীণ সজ্জা ও সংস্কার কাজের গুণগত-মান বজায় রেখে ৩১/১২/২০২৩ তারিখের মধ্যে সংস্কার কাজ সম্পন্ন করতে হবে;

খ) সংস্কার কাজ চলাকালীন বিদ্যুৎ ও ইন্টারনেট এর সংযোগ যথাযথভাবে পুনঃ স্থাপন করা হচ্ছে কিনা এ বিষয়টি সিস্টেমস এনালিস্ট তদারকি করবেন।

গ) সভা কক্ষ ও বারান্দার অবশিষ্ট কাজ দ্রুততম সময়ের মধ্যে সমাপ্ত হবে।

**বাস্তবায়নে:** যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)/সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ নির্বাহী, প্রকৌশলী গণপূর্ত (সিভিল), ইডেন-ভবন, বাংলাদেশ সচিবালয়।

**আলোচ্য-সূচি: ৮** অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা প্রণয়ন সংক্রান্ত:

**৮.১ আলোচনা :** অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অনুবিভাগ ভিত্তিক অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালার তথ্য নিম্নে উপস্থাপন করা হলো:

**৮.২ সিদ্ধান্ত:**

**ক)** সকল অনুবিভাগ হতে অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা প্রণয়নের অগ্রগতিসহ তথ্যাদি নির্ধারিত ছকে প্রতি মাসে সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

খ) এ সংক্রান্ত কোনো সমস্যা থাকলে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

**গ) অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা প্রণয়নের অগ্রগতি ও সিদ্ধান্তসমূহ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো:**

- **অনিষ্পন্নআইন, বিধি, নীতিমালা প্রণয়নের অগ্রগতি ও সিদ্ধান্ত সংক্রান্ত:**

| | |
|---|---|
| | **নিরীক্ষা ও আইন অনুবিভাগ** |
| **অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম** | (১) শিক্ষা আইন-২০২১<br>(২) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড আইন, ২০২৩<br>(৩) The Bangladesh Scouts Order 1972 আইন |
| **আলোচনা** | (১) সংশ্লিষ্ট শাখা হতে তথ্য পাওয়া যায়নি।<br>(২) খুব শীঘ্রই মন্ত্রিপরিষদ বিভাগের 'আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি'র সভা আহ্বান করা হবে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগ জানিয়েছে।<br>(৩) সংশোধিত প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| **সিদ্ধান্ত** | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে। |
| **বাস্তবায়নে** | যুগ্মসচিব (নিরীক্ষাও আইন) এবং যুগ্মসচিব (নীতি ও সংস্কার অধিশাখা) |
| | **বিশ্ববিদ্যালয় অনুবিভাগ** |
| **অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম** | ১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ আইন, ২০২৩<br>২) সাতক্ষীরা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০২২ |
| **আলোচনা** | ১) 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ ২০২৩'-এর খসড়া বিল মহান জাতীয় সংসদে ০২.১১.২০২৩ তারিখে পাশ হয়েছে।<br>২) 'সাতক্ষীরা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০২৩'-এর খসড়া বিল মহান জাতীয় সংসদে ০২.১১.২০২৩ তারিখে পাশ হয়েছে। |
| **সিদ্ধান্ত** | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে। |

| | |
|---|---|
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) |
| **সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা** | |
| অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম | ১) ঠাকুরগাঁও বিশ্ববিদ্যালয় আইন, ২০২৩<br>২) ড. এম এ ওয়াজেদ মিয়া কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২৩<br>৩) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় শরীয়তপুর, আইন, ২০২৩ |
| আলোচনা | (১) "বঙ্গবন্ধু শেখ মুজিব শরীয়তপুর কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২৩" গত ১৩.১১.২০২৩ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে।<br>(২) "ঠাকুরগাঁও বিশ্ববিদ্যালয় আইন, ২০২৩" গত ১৩.১১.২০২৩ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে।<br>(৩) নাটোর জেলাধীন "ড এম .এ ওয়াজেদ মিয়া কৃষি বিশ্ববিদ্যালয় আইন২০২৩ ," এর খসড়া গত ২৩.১০.২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে চূড়ান্তভাবে অনুমোদন করা হয়েছে। বর্তমানে জাতীয় সংসদের কোনো অধিবেশন না থাকায় পরবর্তী কার্যক্রম স্থগিত রাখা হয়েছে। |
| সিদ্ধান্ত | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে। |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) |
| **বেসরকারি বিশ্ববিদ্যালয় -১ শাখা** | |
| অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম | (১) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ সংশোধন;<br>(২) বাংলাদেশ জাতীয় অধ্যাপক নিয়োগ সিদ্ধান্তমালা, ১৯৮১ সংশোধন |
| আলোচনা | ১. বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর সংশোধিত খসড়ার বিষয়ে এক আন্ত: মন্ত্রণালয় সভা ০৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মতামতের আলোকে সংশোধন কার্যক্রম চলমান রয়েছে।<br>২. সংশোধিত নীতিমালাটি জারী করার জন্য নথি উপস্থাপন করা হয়েছে। |
| সিদ্ধান্ত | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে। |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) |
| **সরকারি মাধ্যমিক-০১ শাখা** | |
| অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম | ১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) সংশোধন ২০২১ নিয়োগ বিধিমালা<br>২) সরকারি মাধ্যমিক পর্যায়ে শিক্ষক কর্মকর্তা বদলি/নীতিমালা যুগোপযোগী করা<br>৩) বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধি ১৯৮১ (স্কুল এন্ড ইন্সপেকশন ব্রাঞ্চ) নিয়োগ বিধিমালা |
| আলোচনা | ১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) সংশোধন ২০২১ নিয়োগ সংক্রান্ত একটি কর্মশালা আয়োজনের লক্ষ্যে গত ১০ আগস্ট ২০২৩খ্রি: তারিখে খসড়া নিয়োগবিধি, তুলনামূলক বিবরণীসহ সংশ্লিষ্ট তথ্যাদি প্রেরণের জন্য মহাপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকাকে অনুরোধ জানানো হলেও অদ্যাবধি তা পাওয়া যায়নি। গত ০৩ |

| | |
|---|---|
| | ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ ২য় তাগিদ পত্র দেয়া হয়েছে।<br><br>২) বদলী নীতিমালা চূড়ান্তকরণের জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে গত ০১ জুন, ২০২৩ তারিখে একটি সভা আহ্বান করার পর তা স্থগিত করা হয়েছে। এ বিষয়ে সভা আহবানের জন্য পুনরায় নথি উপস্থাপন করা হয়েছে।<br><br>৩) গত ১২ নভেম্বর ২০২৩ খ্রি: তারিখে অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগবিধি ১৯৮১ (স্কুল এন্ড ইন্সপেকশন ব্রাঞ্চ) সংশোধনের লক্ষ্যে এ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত নিয়োগ বিধি নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। খসড়া নিয়োগ বিধির উপর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অবজারভেশন থাকায় পরবর্তী সভার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক খসড়া নিয়োগ বিধি অধিকতর যাচাইপূর্বক এ বিভাগের প্রেরণের জন্য বলা হলেও অদ্যাবধি তা পাওয়া যায়নি। |
| সিদ্ধান্ত | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে। |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) |
| **বেসরকারি মাধ্যমিক -১ শাখা** | |
| অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম | ১) এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা সংক্রান্ত নীতিমালা-২০২৩<br>২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রণিধানমালা-২০২৩ |
| আলোচনা | "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তর) গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটির প্রবিধানমালা-২০২৩" খসড়া প্রবিধানমালাটি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ভেটিং হয়ে নথিটি এ বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রবিধানমালাটি চূড়ান্ত করে প্রজ্ঞাপন আকারে জারী করার নথি ২১/১১/২০২৩ তারিখে নথি উপস্থাপন করা হয়েছে। |
| সিদ্ধান্ত | ১) এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা সংক্রান্ত নীতিমালা-২০২৩ চূড়ান্ত প্রজ্ঞাপন হওয়া আলোচ্যসূচি থেকে বাদ দেয়া হলো।<br>২) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করবে। |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) |
| **সরকারি কলেজ-০৫ শাখা** | |
| অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম | সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮ এর সংশোধন/পরিবর্তন/পরিমার্জন |
| আলোচনা | "সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০১৮" সংশোধনের লক্ষ্যে আগামী ১৯/১২/২০২৩ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি আন্ত:মন্ত্রণালয় সভা (Inter Ministerial Meeting) আহ্বান করা হয়েছে। |
| সিদ্ধান্ত | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করবে। |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (কলেজ) |
| **অনুবিভাগ, অধিশাখা ও শাখার নাম: সরকারি মাধ্যমিক-০৩** | |

| | |
|---|---|
| **অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম** | 'সরকারিকৃত মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের (স্কুল এন্ড কলেজ) শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০২৩' |
| **আলোচনা** | বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় কর্তৃক সুপারিশের পর গত ২০.১১.২০২৩ তারিখ লেজিসলেটিভ বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| **সিদ্ধান্ত** | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে। |
| **বাস্তবায়নে** | অতিরিক্ত সচিব (কলেজ) |

**বাস্তবায়নে: অনুবিভগ প্রধান (সকল)**

**আলোচ্য-সূচি: ৯ জরুরি কাজ চিহ্নিতকরণ**

**৯.১ আলোচনা :** সভাপতি বলেন জরুরী কাজ এর তালিকায় অধিকাংশ সময় অনুবিভাগসমূহে সম্পাদিত সকল কাজের তালিকা প্রেরণ করা হয় যা মোটেও কাম্য নয়। তিনি যে কাজগুলো গুরুতপূর্ণ শুধুমাত্র সে সকল কাজগুলো জরুরি কাজের তালিকায় অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করেন।

**<u>৯.২ সিদ্ধান্ত:</u>**

ক) অনুবিভাগ প্রধানের সভাপতিত্বে সভা করে জরুরি কাজ চিহ্নিতকরণ পূর্বক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। সমন্বয় সভায় উপস্থাপনের লক্ষ্যে উক্ত জরুরি কাজের তালিকা নির্ধারিত ছক মোতাবেক সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।

| ক্রমিক নং | শাখার নাম | জরুরি কাজ | অগ্রগতি |
|---|---|---|---|

খ) জরুরি কাজের তালিকায় কোনো ক্রমেই রুটিন কাজ অন্তর্ভুক্ত করা যাবে না।
গ) জরুরি কাজ সম্পর্কিত অগ্রগতিও সিদ্ধান্ত নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো :

| **আইন অনুবিভাগ** | |
|---|---|
| **জরুরি কাজের বিষয়** | ১। একাদশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৭ তম বৈঠকের সিদ্ধান্ত (বিশ্ববিদ্যালয়ের মফস্বলের বাড়িভাড়া ও ডরমিটরি ভাড়া আদায় সংক্রান্ত)<br>২। একাদশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৬২ তম বৈঠকের সিদ্ধান্ত (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা ও যশোর এর অডিট আপত্তি সম্পর্কিত)<br>৩। একাদশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৭৫তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কার্যবিবরণীর ক্রমিক নং ৬.১ (অডিট আপত্তি সংক্রান্ত)<br>৪। একাদশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৭৫তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কার্যবিবরণীর ক্রমিক নং ৫.৪ (অডিট আপত্তি সংক্রান্ত) |
| **আলোচনা** | কার্যক্রম চলমান |
| **সিদ্ধান্ত** | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করবে। |
| **বাস্তবায়নে** | যুগ্মসচিব (নিরীক্ষা ও আইন) |
| **উন্নয়ন-১ শাখা** | |

| | |
|---|---|
| জরুরি কাজের বিষয় | ১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অর্গানোগ্রামে ১০১টি পদ এবং নায়েমের অর্গানোগ্রামে ২৫টি পদসহ মোট ১২৬টিপদ (প্রেষণে পদায়ন যোগ্য) সৃজনের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>২. সমাপ্ত SESIP প্রকল্প হতে অস্থায়ীভাবে রাজস্ব খাতে স্থানান্তরিত ৮২টিপদ স্থায়ী করণে সম্মতির জন্য প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>৩. সভায় SEDP প্রোগ্রামের বিষয়ে আলোচনা হয়। আলোচ্য প্রোগ্রামটি ৩০ জুন/২০২৩ তারিখে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল। ইতোমধ্যে মাননীয় মন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় এর সভাপতিত্বে সভা আহবান করে এই প্রোগ্রামটির মেয়াদ ২ বছর বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তের আলোকে প্রোগ্রামের মেয়াদ বৃদ্ধির জন্য প্রোগ্রাম দলিল সংশোধন কার্যক্রম চলমান রয়েছে। |
| আলোচনা | ১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে ৫২টি এবং জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির সাংগঠনিক কাঠামোতে ০৭টি সর্বমোট ৫৯টি ক্যাডার পদ স্থায়ীভাবে সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ ও মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতি পাওয়া গেছে। উক্ত ৫৯টি পদের বিপরীতে অর্থ বিভাগ কর্তৃক বেতনস্কেল নির্ধারণ করা হয়েছে। এক্ষণে, সচিব কমিটি'র সম্মতির জন্য প্রস্তাব প্রেরণ করা হবে।<br><br>২. সমাপ্ত সেসিপ প্রকল্প হতে অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরিত ৮২টি পদের মধ্যে কর্মরত ৫৯টি পদ স্থায়ীকরণে জনপ্রশাসন মন্ত্রণালয় সম্মতি প্রদান করেছে। অর্থ বিভাগের সম্মতির জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |
| সিদ্ধান্ত | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করবে। |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (উন্নয়ন) |
| **উন্নয়ন-৩ শাখা** | |
| জরুরি কাজের বিষয় | ১) শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (গ্রেড-৩, নন-ক্যাডার) এর একটি শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের লক্ষ্যে সুপিরিয়র সিলেকশন বোর্ডে প্রেরণ।<br>২) শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ৯ম গ্রেডের 'সহকারী প্রকৌশলী (সিভিল)' পদে ১১ জনকে নিয়োগ প্রদান |
| আলোচনা | ১. নিষ্পন্ন হয়েছে।<br>২. নিষ্পন্ন হয়েছে। |
| সিদ্ধান্ত | বর্ণিত বিষয়টি নিষ্পত্তি হওয়ায় আলোচনা হতে সিদ্ধান্তটি বাদ দেয়া যেতে পারে। |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (উন্নয়ন) |
| **উন্নয়ন-৪ শাখা** | |
| জরুরি কাজের বিষয় | ০১। কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি) শীর্ষক প্রকল্পের আওতায় ইউনিভার্সিটি অব নটিংহ্যাম মালয়েশিয়া (ইউএনএম) কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে শুরু হওয়া প্রশিক্ষণের বকেয়া পরিশোধের প্রশাসনিক অনুমোদন।<br>০২। শিক্ষা মন্ত্রণালয়ের অধীন UITRCE Phase-2 এর আওতায় (Construction of "Bangabandhu Shekh Mujib Digital Sikha Bhaban) প্রকল্পে বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে দায়ের করা অভিযোগের বিষয়ে মতামত প্রদান।<br>০৩। সিইডিপি প্রকল্পের ডিপিপি রিভিশনের প্রস্তাব (২য়সংশোধনী) ইউজিসি'তে প্রেরণ করা হয়েছে। |

| | |
|---|---|
| | ০৪। NAAND এর জন্য রাজস্বখাতে পদ সৃজনের প্রেক্ষিতে সৃজিত পদের নিয়োগ বিধিমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ।<br>০৫। NAAND প্রকল্পের আরডিপিপিতে অন্তর্ভূক্তকরণের লক্ষ্যে Laboratory for Nutrition, Metabolish & Exercise এর প্রতিষ্ঠা ও রক্ষণাবেক্ষণের জন্য বিভিন্ন ক্যাটাগরির ৩৯ জন জনবলের কাঠামো অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটির অনুমোদনের জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ। |
| আলোচনা | ০৩) NAAND প্রকল্পের আরডিপিপিতে অন্তর্ভূক্তকরণের লক্ষ্যে Laboratory for Nutrition, Metabolish & Exercise অন্তর্ভুক্ত করা হয়েছে এবং বিশেষজ্ঞদের মতামত অনুযায়ী এর রক্ষণাবেক্ষণের জন্য বিভিন্ন ক্যাটাগরীতে ৩৯ জনবল এর কাঠামো পুনর্গঠিত ডিপিপিতে অন্তভুর্ক্ত করা হয়েছে। আরডিপিপি সংশোধনের জন্য গত ০৫.০৬.২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয় এবং ৩০/০৮/২০২৩ তারিখ পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সিদ্ধান্তের আলোকে আরডিপিপি (৩য় সংশোধনী) পুর্নগঠন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পরিকল্পনা শাখায় প্রেরণ করা হয়েছে। গত ৩০/১০/২০২৩ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছে। |
| সিদ্ধান্ত | সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করবে। |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (উন্নয়ন, পরিকল্পনা) |
| **সরকারি মাধ্যমিক -২ শাখা** | |
| জরুরি কাজের বিষয় | ১. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ২০২৪ শিক্ষাবর্ষের (২০২৩ উৎপাদন বর্ষ) মাধ্যমিক (বাংলা ও ইংরেজি ভার্সন), ইবতেদায়ি, দাখিল এবং এসএসসি ও দাখিল ভোকেশনাল, কারিগরি ট্রেড বই এবং দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ব্রেইল পাঠ্যপুস্তক, শিক্ষক নির্দেশিকা মুদ্রণ, বাঁধাই ও সরবরাহ এবং ইন্সপেকশন এজেন্ট নিয়োগের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ও সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা (TAP) সংক্রান্ত। |
| আলোচনা | গত ১০/১০/২০২৩ তারিখে গঠনকৃত ১১টি প্রেস পরিদর্শন টিমের মধ্যে হতে ০৬টি টিম সংশ্লিষ্ট শাখায় প্রেস পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেছে। |
| সিদ্ধান্ত | সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে। |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) |
| **সরকারি কলেজ -৫ শাখা** | |
| জরুরি কাজের বিষয় | ১. সরকারিকরণকৃত ৩২৬ টি কলেজে পদ সৃষ্টি কার্যক্রম গ্রহণ।<br>২. এডহক নিয়োগ ।<br>৩. পদ সংরক্ষণ। |
| আলোচনা | ১. সরকারিকৃত ৩২৬টি কলেজ পদ সৃজন কার্যক্রম গ্রহণ। (৩১৪টি)<br>২. এডহক নিয়োগ। (২৫৭টি)<br>৩. পদ সংরক্ষণ। (৩১৪টি) |
| সিদ্ধান্ত | সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে। |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (কলেজ) |
| **বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা** | |

| | |
|---|---|
| জরুরি কাজের বিষয় | ১) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ সংশোধন;<br>৩) বাংলাদেশ জাতীয় অধ্যাপক নিয়োগ সিদ্ধান্তমালা, ১৯৮১ সংশোধন |
| আলোচনা | কার্যক্রম চলমান |
| সিদ্ধান্ত | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করবে। |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) |
| **সরকারি মাধ্যমিক-০৩ শাখা** | |
| অনিষ্পন্ন আইন, বিধি, নীতিমালা বা ডিপিপি এর শিরোনাম | ১.সরকারিকৃত ৩৫৫টি স্কুল/স্কুল এন্ড কলেজের পদ সৃষ্টির কার্যক্রম গ্রহণ।<br>২. এডহক নিয়োগ। |
| আলোচনা | ১. সরকারিকৃত ৩৫৫টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৩১২টি প্রতিষ্ঠানের পদ সৃজনের আদেশ জারি করা হয়েছে।<br>২. ২৬৯ টি প্রতিষ্ঠানের এডহক নিয়োগ সম্পন্ন হয়েছে। |
| সিদ্ধান্ত | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে। |
| বাস্তবায়নে | অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) |

আলোচ্য-সূচি: ১০ ই-নথির কার্যক্রম সংক্রান্ত

**১০.১ আলোচনা :** সারসংক্ষেপ এবং গুরুত্বপূর্ণ প্রতিবেদন ব্যতীত সকল কার্যক্রম ই-নথি ও ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি বলেন যে, নথি ক্রমিক নং এর ক্রমবিন্যাস ও কার্যবিবরণীর দেখার ক্ষেত্রে ডি-নথি কিছুটা ত্রুটি রয়েছে। এ বিষয়ে সভায় উপস্থিত এটুআই এর প্রতিনিধিকে সমস্যা সমাধানের অনুরোধ করেন। A2i কর্তৃক মাঠ পর্যায়ের অফিসসমূহকে লাইভ সার্ভারে অন্তর্ভুক্তকরণ চলমান রয়েছে। লাইভ সার্ভারে অন্তর্ভুক্ত হলে মাঠ পর্যায়ের সার্কেল ও জেলা অফিস সমূহেও ই-নথি কার্যক্রম শুরু হবে।

**১০.২ সিদ্ধান্ত:**

ক) এ বিভাগের প্রত্যেক অনুবিভাগ/অধিশাখা/শাখা কর্তৃক ই-নথি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং হার্ড নথিতে নিষ্পত্তি কৃত নথির পত্র ই-নথিতে জারি করতে হবে;

খ) সকল অধিশাখা/শাখা কর্তৃক নির্ধারিত মাসিক প্রতিবেদন যথাসময়ে বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করতে হবে;

গ) ই-নথির সার্ভারের গতি বৃদ্ধির লক্ষ্যে এটুআই এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি পরবর্তী সভায় অবহিত করতে হবে।

বাস্তবায়নে: অনুবিভাগ প্রধান (সকল) এবং সিস্টেম এনালিস্ট (আইসিটি অধিশাখা)

আলোচ্য-সূচি: ১১ APA/NIS/GRS/ সিটিজেন চার্টার/ তথ্য অধিকার আইন:

১১.১ আলোচনা : অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) একটি সমন্বিত কার্যক্রম। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এপিএ'র সকল কার্যক্রম শতভাগ বাস্তবায়নের জন্য সকল অনুবিভাগ প্রধান এবং আওতাধীন

দপ্তর/সংস্থা প্রধানদের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সফলতা অর্জনের ক্ষেত্রে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য দপ্তর ও সংস্থার থেকে যে সকল তথ্য পাওয়া গেছে সেগুলো চূড়ান্ত করা হয়েছে।

ক) প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা আহবান

খ) প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের যানবাহনসহ অন্যান্য সরঞ্জামাদি ফেরত প্রদান ।

গ) বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) লক্ষ্য মাত্র অর্জন এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন এই ০৪টি বিষয়ের উপর গুরুত্বারোপ করে একটি ইনহাউজ সভা করা হবে। অন্যথায় APA এর লক্ষ্যমাত্রা অর্জনে এ বিভাগে আশানুরূপ ফল অর্জন সম্ভব হবেনা। এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের বাসা বরাদ্দ প্রদান সংক্রান্ত সেবাটি সহজিকরণের জন্য তথ্য সংগ্রহ করা হচ্ছে মর্মে উপসচিব (প্রশাসন ও সংস্থাপন) পরবর্তী সভায় অবহিত করেন।

**১১.২ সিদ্ধান্ত:**

ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে;

খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা পূরণ কল্পে প্রকল্পের যানবাহনসহ অন্যান্য সরঞ্জামাদি বিধি মোতাবেক ফেরত প্রদান করতে হবে;

গ) ইতোপূর্বে জারিকৃত অফিস আদেশ অনুযায়ী এ বিভাগের কর্মকর্তাগণ ০২টি করে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক প্রতিবেদন এপিএ শাখায় প্রেরণ করবেন;

ঘ) বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) লক্ষ্য মাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করবে।

ঙ) এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের বাসা বরাদ্দ প্রদান সংক্রান্ত সেবাটি সহজিকরণের বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে;

চ) প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে কার্যক্রম ও কর্মসম্পাদন সূচক অনুযায়ী স্বয়ংসম্পূর্ণ জবাব ও প্রমাণক দাখিল করতে হবে;

ছ) এপিএ ও তথ্য অধিকার সংক্রান্ত প্রতিবেদনে প্রতিবেদন প্রেরণকারী কর্মকর্তার স্বাক্ষরসহ নাম ও পদবি যুক্ত সিল থাকতে হবে।

**বাস্তবায়নে:** অতিরিক্ত সচিব (উন্নয়ন, পরিকল্পনা) ও উপসচিব (সকল)

**আলোচ্য-সূচি: ১২** স্কুল এবং স্কুল এন্ড কলেজ জাতীয়করণ সংক্রান্ত

**১২.১ অগ্রগতি: স্কুল এবং স্কুল এন্ড কলেজ জাতীয়করণ সংক্রান্ত**

| মোট সরকারিকৃত প্রতিষ্ঠানের সংখ্যা | জনপ্রশাসন মন্ত্রণালয়ে পদ সৃজন প্রস্তাব | | মন্ত্রীপরিষদ বিভাগে পদ সৃজন প্রস্তাব | | পদ সৃজন আদেশ জারি | অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কন | এড হক নিয়োগ সম্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|
| | প্রেরিত প্রস্তাব | অনুমোদিত | প্রেরিত | অনুমোদিত | বিদ্যালয়ের সংখ্যা | বিদ্যালয়ের সংখ্যা | বিদ্যালয়ের সংখ্যা |
| ৩৫৫ | ৩৫৩ | ৩৫৩ | ৩৪৯ | ৩৪৪ | ৩১৭ | ৩১০ | ২৭১ |

**বাস্তবায়নে:** অতিরিক্ত সচিব (কলেজ)

**আলোচ্য-সূচি:** ১৩ এমপিওভুক্ত করণ/ জাল সার্টিফিকেট নির্ণয়/এমপিও ভুক্তি বাতিল

**১৩.১ আলোচনা :**

ক) জাল সার্টিফিকেটের মাধ্যমে নিয়োগ বন্ধ করণের নিমিত্ত করণীয় নির্ধারণে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে সচিব এর সভাপতিত্বে একটি সভার আয়োজন করতে হবে;

খ) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের কাম্য শিক্ষার্থী নেই এবং এমপিও নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় মানদন্ড বজায় রাখতে ব্যর্থ হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল বিষয়ে সচিব এর সভাপতিত্বে সভা আহবান করতে হবে এবং অনুবিভাগ প্রধান (নিরীক্ষা ও আইন) এর সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করতে হবে।

**১৩.২ সিদ্ধান্ত:**

ক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক জাল সনদধারী শিক্ষকদের তালিকার বিষয়ে যাচাই- বাছাই কার্যক্রম চলমান রয়েছে। জাল সনদধারীদের বিষয়ে দ্রুততম সময়ের মধ্যে একটি সভা আহ্বানের করা হবে।

খ) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের কাম্য শিক্ষার্থী নেই এবং এমপিও নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় মানদন্ড বজায় রাখতে ব্যর্থ হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিলের লক্ষ্যে কাম্য শিক্ষার্থীর তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে মর্মে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর জানিয়েছে। এখনো তথ্য পাওয়া যায়নি। উল্লেখ্য গত ১৭.০৪.২০২৩ এবং ২৭.০৪.২০২৩ তারিখে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর তাগিদপত্র দেওয়া হয়েছে। তথ্য প্রাপ্তির পর প্রাপ্ত তথ্যের আলোকে (নিরীক্ষা ও আইন) অনুবিভাগের সাথে সমন্বয় করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

**বাস্তবায়নে:** অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) এবং যুগ্মসচিব (নিরীক্ষা ও আইন)

**আলোচ্য-সূচি:** ১৪ কলেজ জাতীয়করণ সংক্রান্ত

১৪.১ আলোচনা : মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ২০১৮-২০২৩ সাল পর্যন্ত মোট ৩৩৪টি বেসরকারি কলেজকে সরকারীকরণের সম্মতি প্রদান করা হয়েছে। তন্মধ্যে ৩৩০টি কলেজ এর প্রজ্ঞাপন জারি করা হয়েছে। অবশিষ্ট ৪টি কলেজের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

**১৪.২ কলেজ জাতীয়করণ সংক্রান্ত তথ্য নিম্নরূপ:**

| ক্রম | জাতীয়করণ কৃত প্রতিষ্ঠানের সংখ্যা | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | অর্থ বিভাগে প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | সচিব কমিটিতে প্রক্রিয়াধীন প্রতিষ্ঠানের সংখ্যা | এ বিভাগে নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন | মোট পেন্ডিং প্রতিষ্ঠানের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | ৩২৬ | ৫১ | জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের অপেক্ষায়: ০১<br>অর্থ বিভাগে প্রেরণের অপেক্ষায়: ০০<br>সচিব কমিটিতে প্রেরণের অপেক্ষায়: ০০<br>স্থগিত (অভিযোগের প্রেক্ষিতে তদন্ত চলমান): ০১<br>পদ সৃজনের জন্য প্রক্রিয়াধীন: ৩৭<br>মোট=৩৯ | ০০ | ০১ | ১৩ | ১২ | ১১৬ | নিয়োগ সম্পন্ন: ২১০ |

**১৪.৩ সিদ্ধান্ত:** কলেজ সরকারিকরণের কার্যক্রম জরুরি ভিত্তিতে নিষ্পত্তির লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নে:** অতিরিক্ত সচিব (কলেজ)

১৫.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/১২/২৩
(সোলেমান খান)
সচিব